জীবননগরের হাসাদাহে ভ্রাম্যমাণ আদালতের জরিমানা

জীবননগর উপজেলার হাসাদাহে অবৈধভাবে মাটি কাটার অপরাধে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ১ লক্ষ ৩০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

জানা যায়, জীবননগর উপজেলার হাসাদাহসহ এর নিকটবর্তী এলাকায় বেশ কয়েক মাস যাবত এলাকার স্থানীয় প্রভাবশালী কিছু ব্যক্তি এলাকার আবাদি জমি নষ্ট করে বিভিন্ন ভাটায় মাটি বিক্রি করে আসছে।

আর এই মাটি কাটা ট্রাক্টরের বেপোরোয়া গতির কারণে প্রায় দুর্ঘটনার শিকার হয় সাধারণ মানুষ। এমনকি ট্রাক্টরের বেপোরোয়া গতির কারণে এলাকার মানুষ অতিষ্ট হয়ে পড়ে।

যার কারণে গতকাল শনিবার বেলা ১২টার দিকে হাসাদাহ বাজারের সর্বসাধারণ ট্রাক্টরগুলোর গতিরোধ করেন । বিষয়টি জীবননগর উপজেলার নির্বাহী কর্মকর্তা এসএম মুনিম লিংকনকে অবহিত করলে উপজেলা নির্বাহী কর্মকর্তা ঘটনাস্থলে উপস্থিত হয়ে স্থানীয় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

বালি মহল বন্ধ অধ্যদেশ আইন ২০১০ এর আইনে আলম ব্রিক্সসকে নগদ ৫০ হাজার অনাদায়ে ১৫ দিনের জেল এবং একই অপরাধে হাসাদাহ ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ড সদস্য শরিফুল ইসলামকে নগদ ৮০ হাজার অনাদায়ে ১ মাস জেল প্রদান করা হয় ।

পরে দণ্ড প্রাপ্ত উভয় ব্যক্তি তাদের জরিমানার টাকা নগদ পরিষদ করেন। এ বিষয়ে উপজেলার নির্বাহী কর্মকর্তা এসএম মুনিম লিংনের কাছে বিষয়টি সম্পর্কে জানতে চাইলে তিনি জানান আমার এই অভিযান অব্যাহত থাকবে।

নির্বাহী অফিসারের এই ধরণের পদক্ষের কারণে স্থানীয় ব্যবসায়ীগণসহ এলাকার সকলেই উপজেলা নির্বাহী অফিসারকে সাধুবাদ জানান।

আলমডাঙ্গায় পাউয়ির খাল পূনঃখনন কাজের উদ্বোধন

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এডিসির উদ্যোগে পাউয়ির খাল পূনঃখনন কাজের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১০ টার দিকে আলমডাঙ্গা উপজেলার রেল জগন্নাথপুর এ পূনঃখনন কাজের উদ্বোধনি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উদ্বোধন অনুষ্ঠানে ক্ষুদ্রসেচ প্রকল্প পরিচালক ও কুষ্টিয়া জোনের বিএডিসি কর্মকর্তা নুরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্ম সচিব ও বিএডিসি (ক্ষুদ্রসেচ) প্রকল্পের পরিচালক মো: আরিফ। বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার লিটন আলি।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আরিফ হোসেন বলেন, আমরা বর্তমানে কৃষি সমৃদ্ধ দেশে বসবাস করছি। এখন প্রতি মৌসুমে ধান আবাদে বিঘা প্রতি ২০ থেকে ৩০ মণ ধান ঘরে তোলে কৃষকেরা। বিগত দিনে কৃষকেরা ১ বিঘা জমিতে ৮ থেকে ১০ মণ পর্যন্ত ধানের ফলন পেত। বর্তমান সরকারের উদ্যোগে এবং ধান গবেষণার কারণে বারি মৌসুমি আবাদের কারণে তা বেড়েছে তিন গুন।

তিনি আরো বলেন, আমাদের কুষ্টিয়া জোনের মেহেরপুর, চুয়াডাঙ্গাসহ পাশ্ববর্তী জেলা গুলোতে সোনা ফলে। এ এলাকার মাটিতে যা রোপণ করা হয় সবই ফলন সমৃদ্ধি হয়। আমরা বিএডিসির পক্ষ থেকে যে অঞ্চলে কৃষি জমিতে জলাবদ্ধতার কারণে ফসল হচ্ছে না কিংবা কৃষকেরা ক্ষতির সম্মুখিন হচ্ছে সে এলাকায় জলাবদ্ধতা নিরসনে কাজ করে যাচ্ছি।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কালিদাসপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল ইসলাম, বিএডিসি কুস্টিয়া জোনের সহকারী প্রকৌশলী এরশাদ আলী, চুয়াডাঙ্গার সহকারী প্রকৌশলী খালেদা খানম, মেহেরপুর জেলার সহকারী প্রকৌশলী শাহজালাল আবেদীন, সহকারী হিসাব রক্ষক আতাউল হক, চুয়াডাঙ্গা জেলা উপ-সহকারী প্রকৌশলী আব্দুল হালিম শেখ, উপ-পরিচালক জাহিদ হাসান, পাইকপাড়া ক্যাম্প আইসি এসআই গিয়াস, ইউপি সদস্য হাসিবুল ইসলাম প্রমুখ।

উল্লেখ্য, মুজিবনগর সেচ উন্নয়ন প্রকল্পের আওতাধীন ৫০ লাখ টাকা

ব্যয়ে ৩.১ কিলোমিটার এ খাল পুনঃখনন কাজ বাস্তবায়ন করছেন। খাল খনন হলে উপকৃত হবেন এলাকার কৃষকগণ। ঘটবে এলাকার আর্থ সামাজিক উন্নয়ন।

আলমডাঙ্গায় করোনা ভ্যাকসিন প্রদান কার্যক্রম সম্পাদনের লক্ষে মতবিনিময় সভা

আলমডাঙ্গায় করোনা ভাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের লক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা ভ্যাকসিন প্রদান সহায়ক কমিটির আয়োজনে গত বুধবার সকালে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সভাটি অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলীর সভাপতিত্বে ভ্যাকসিন প্রদান সম্পর্কে পরামর্শমূলক বক্তব্য রাখেন কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদ চেয়ারম্যান আইয়ুব হোসেন।

সরকারি নির্দেশনাসহ অগ্রাধিকার ভিত্তিতে ভ্যাকসিন কারা পাবে এবং তাদের করণীয় সম্পর্কে বিস্তারিত বক্তব্য রাখেন ভ্যাকসিন প্রদান সহায়ক কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডা. হাদী জিয়াউদ্দিন আহমেদ সাঈদ।

সদস্য সচিব বলেন, আলমডাঙ্গায় প্রাথমিকভাবে প্রায় ১১ হাজার ৩শ ভ্যাকসিন এসেছে। তবে সরকারের নির্দেশনা মোতাবেক কোভিড-১৯ মোকাবেলায় সম্মুখ সারির যোদ্ধারাই আগে পাবেন।

তিনি জানান, প্রথমে স্বাস্থ্য বিভাগের সকল স্বাস্থ্যকর্মী, চাকুরীজীবী, পুলিশ, বিজিবি, সেনাবাহিনী, বীর মুক্তিযোদ্ধা, সাংবাদিক, শিক্ষক ভ্যাকসিন পাবেন। তবে রেজিস্ট্রেশন বাধ্যতামূলক। রেজিস্ট্রেশন ছাড়া ভ্যাকসিন দেওয়া হবেনা বলে জানান তিনি। ক্রমান্বয়ে সবাই ভ্যাকসিন পাবে বলে তিনি উল্লেখ করেন।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী

মারজাহান নিতু, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা হাসানুজ্জামান খান, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর, সমাজসেবা অফিসার আফাজ উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার সামসুজ্জোহা, কাজী মাওলানা ওমর ফারুক, আনসার ও ভিডিপি অফিসার সাইদুর রহমান।

---

# আলমডাঙ্গায় মুক্তিযোদ্ধা শওকত হোসেনের ইন্তেকাল

আলমডাঙ্গায় বীর মুক্তিযোদ্ধা শওকত হোসেন জোয়ার্দার বাবলু হৃদ রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। গতকাল রাত সাড়ে ১০ টার দিকে তার থানাপাড়ার নিজ বাস ভবনে ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্নইলাহি রাজিউন)।

দারুস সালাম প্রাঙ্গণে রাষ্ট্রিয় মার্যাদায় তার দাফন সম্পন্ন হয়। জানাগেছে, আলমডাঙ্গা থানাপাড়ার মরহুম মনোয়ার হোসেন জোয়ার্দারের বড় ছেলে বীর মুক্তিযোদ্ধা শওকত হোসেন জোয়ার্দার বাবলু ৩/৪ দিন জ্বরে আক্রান্ত হয়ে বাড়িতে চিকিৎসাধীন ছিল।

গতকাল রাতে প্রচণ্ড শ্বাস কষ্ট অনুভব করলে বীর মুক্তিযোদ্ধা আব্দুল জব্বার ও তার ছোট ভাই বকুল আলমডাঙ্গা ফাতেমা ক্লিনিকে চিকিৎসা দেয়। একটু সুস্থ হলে বাসায় নিয়ে গেলে আবারও শ্বাস কষ্ট অনুভব করলে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৯ বছর।

গতকাল বাদ জোহর আলমডাঙ্গা দারুস সালাম প্রাঙ্গণে রাষ্ট্রিয় মার্যাদায় গার্ড অব অনার প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, সহকারী কমিশনার (ভূমি) হুমায়ন কবির, অতিরিক্ত পুলিশ সুপার জাহাঙ্গীর হোসেন, থানা অফিসার ইনচার্জ আলমগীর কবির, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার শফিউর রহমান জোয়ার্দার সুলতান, বীর মুক্তিযোদ্ধা ডাঃ শাহাবুদ্দীন, বীর মুক্তিযোদ্ধা শেখ নুর মোহাম্মদ জকু, বীর মুক্তিযোদ্ধা আব্দুল কুদ্দুস, বীর মুক্তিযোদ্ধা সাবেক পৌর চেয়ারম্যান এম সবেদ আলী,

বীরমুক্তিযোদ্ধা মইনদ্দিন, পৌর মেয়র ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদীর গনু,

সাবেক উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা হেলাল উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা আব্দুল জব্বার, বীর মুক্তিযোদ্ধা ইসমাইল হোমেন, ডাঃ একরামুল হক, ডাঃ সিরাজ উদ্দিন, আব্দুস সাত্তার, প্রধান শিক্ষক নুরুল ইসলাম দিপু, সাবেক কাউন্সিলর শরিফুল ইসলাম, কাউন্সিলর আলাল উদ্দিন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রেস ক্লাবের সম্পাদক হামিদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা সেলিম উদ্দিন, সাবেক ব্যাংক কর্মকর্তা সিরাজুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা ওয়াজেদ আলী মাস্টার, বীর মুক্তিযোদ্ধা মানোয়ার হোসেন মৃৃধা, বীর মুক্তিযোদ্ধা আব্দুল আজিজ, সরকারি কলেজের প্রভাসক তাপস রশিদ, সহকারী অধ্যাপক ইদ্রিস আলী খান প্রমুখ।

মৃত্যু কালে স্ত্রী, আত্মীয়-স্বজনসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় নিহত ১

আলমডাঙ্গার মাধবপুরে স্টেয়ারিং গাড়ির ধাক্কায় খাদিজা খাতুন (৪) বছরের শিশুর করুণ মৃত্যু হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ৯ টার দিকে শিশুটির মৃত্যু হয়।

খাদিজা রাস্তা পার হওয়ার সময় রাস্তার দু-দিক থেকে আসা গাড়ির মুখোমুখি হলে বাড়ির দিকে দৌড় দেয়। এ সময় খাদিজার সাথে স্ট্রেয়ারিং গাড়িতে ধাক্কা লাগে।

এতে তার মাথায় ও বুকে গুরুত্বর আঘাত হয়। পরিবারের লোকজন ছুটে এসে তাকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে ভর্তি করলে কর্তব্যরত চিকিৎসক খাদিজাকে মৃত ঘোষণা করে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে শিশু খাদিজার ১ম জানাজা

মাধবপুর প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়। পরর্বতীতে বিকালে তার পিতার বাড়ি হালসায় ২য় জানাজার নামাজ শেষে স্থানীয় কবরস্থানে দাফন সম্পন্ন হয়।

দামুড়হুদায় গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

দামুড়হুদা গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩ টার সময় দামুড়হুদা সদর ইউনিয়ন শাখা বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব মোঃ শফিউল কবির ইউসুফ এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলী মুনছুর বাবু।

এ সময় তিনি বলেন, আমাদের ছেলেমেয়েকে মাদকমুক্ত করতে হলে এবং যুব সমাজকে ভালো রাখার জন্য পড়াশোনার পাশাপাশি খেলাধুলার একান্ত প্রয়োজন।

দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবীর সঞ্চালনায় এ সময় দামুড়হুদা উপজেলা আওয়ামী যুব লীগের সাধারণ সম্পাদক মোঃ হযরত আলীসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

জীবননগরে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন উপলক্ষে

প্রস্তুতি সভা

জীবননগরে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন উপলক্ষে প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জীবননগর উপজেলা পরিষদের সভাকক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এসএম মুনিম লিংকনের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, সাবেক উপজেলা চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা,

জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম, জীবননগর ডিগ্রী কলেজের অধ্যক্ষ আলী আকতার, সাংবাদিক জাহিদ বাবু, মাজেদুল মিল্টন, স্বেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ, এনজিও প্রতিনিধি আলমগীর হোসেন প্রমুখ।

জীবননগরে প্রধান শিক্ষকের বিরুদ্ধে ১২ লক্ষ টাকা আত্মসাতের অভিযোগ

জীবননগর রায়পুর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক কাজের ১২ লক্ষ টাকা আত্মসাত করার অভিযোগ উঠেছে সাবেক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আনোয়ার হোসেন নাহারের বিরুদ্ধে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলার রায়পুর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে স্কুলের শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকদের আয়োজনে বিদ্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক কাজের ১২লক্ষ টাকা আত্মসাত এবং শিক্ষক ও বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্যদের

হিসাব না দিয়ে উল্টো কোর্টে আমার নামে মিথ্যা মামলা করেছে। শুধু আমার নামেই নয় এই বিদ্যালয়ের বেশ কয়েকটি শিক্ষকের নামে এবং উপজেলা নির্বাহী অফিসার ও শিক্ষা অফিসারের নামে মিথ্যা মামলা করেছেন । যাতে তার এই দুর্নীতির কেউ প্রতিবাদ না করতে পারে।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস,এম মুনিম লিংকন বলেন, রায়পুর মাধ্যমিক বিদ্যালয়টি নানা সমস্যার মধ্যে পরিচালিত হচ্ছিল। আমি বিদ্যালয়টি ঠিকভাবে পরিচালনা করার জন্য সাময়িক ভাবে দায়িত্ব নিলে আমার বিরুদ্ধেও মামলা করেছে। তবে বিদ্যালয়টি যেন ঠিকভাবে পরিচালিত হয় সে বিষয়ে আমি সার্বিক ব্যবস্থা গ্রহণ করবো।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের নব্য অধ্যক্ষকে ফুলের শুভেচ্ছা প্রদান

চুয়াডাঙ্গা সরকারি কলেজের নতুন অধ্যক্ষকে ফুলের শুভেচ্ছা জানিয়েছেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সংগ্রামী সাধারণ সম্পাদক জানিফ।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধ্যক্ষ পদ থেকে অধ্যক্ষ পদে পদোন্নতি পাওয়া এই সংবর্ধনা তাকে প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের অন্যতম সাবেক সদস্য এমদাদুল হক সজল চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ নেতা ফয়সাল সজীব সালেকিন একাব সাইফুল সহ চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের কর্মী বৃন্দ ।

আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক নজরুল ইসলাম স্যার হিসাববিজ্ঞান বিভাগের আবু বক্কর সিদ্দিকী স্যার অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান আব্দুল ওয়াদুদ স্যার মনিরুজ্জামান স্যার সহ অনেকে।

# [redacted]

[redacted]

হাসপাতালে চিকিৎসাধীন সাগর বলেছেন, মামাতো শ্যালক মামুনের স্ত্রী রাশিদার সাথে আমার অবৈধ সম্পর্ক রয়েছে বলে পরিবারের লোকজন খুব অশান্তি করে। ফলে আমরা দুজনে সিদ্ধান্ত নিই একসাথে আত্মহত্যা করব।

রাশিদা খাতুন বলেছেন, বছর চারেক ধরে সাগরকে নিয়ে আমার পরিবারে অশান্তি চলছে। সাগরের সাথে আমার শুধু ননদাইয়ের মতোই সম্পর্ক। কিন্তু সাগরের সাথে আমার পরকীয়া সম্পর্ক রয়েছে বলে শ্বশুরবাড়ির লোকজন প্রায়ই নির্যাতন করে। দু’মাস আগে আমি বাপের বাড়ি চলে যাই।

সপ্তাহখানেক শ্বশুরবাড়ি গিয়ে ৩-৪ দিনও থাকতে পারিনি। অবশেষে সাগরের সাথে মোবাইলে কথা বলে বুধবার সন্ধ্যার পর আবারও জয়রামপুরে যাই। রাতে গ্রামের মাঠে গিয়ে দুজনে একসাথে বিষপান করি।